

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৭

১/ বিবিধ

আরবী

لتقاتلن المشركين حتى تقاتل بقيتكم الدجال، على نهر بالأردن، أنتم شرقيه، وهم
غربيه، وما أدري أين الأردن يؤمئذ من الأرض
ضعيف

أخرجه ابن سعد في " الطبقات " (7/422) وابن أبي خيثمة في " التاريخ " (2/206) -
مصورة الجامعة الإسلامية) وابن أبي عاصم في " الآحاد " (265/2) - مصورة
الجامعة أيضا) والبزار في " مسنده " (4/138) - كشف الأستار
والطبراني في " مسند الشاميين " (ص 123 - الجامعة) وأحمد بن عبد الله بن رزيق
البغدادى في " الأفراد والغرائب " (6/256/1) وابن منده في المعرفة
(2/201/2) والديلمي في " مسند الفردوس " (4/186) من طرق عن محمد بن أبان
القرشي عن يزيد بن يزيد بن جابر عن بسر بن عبيد الله عن أبي إدريس الخولاني عن
نهيك بن صريم السكوني مرفوعا
قلت: وهذا إسناد ضعيف، محمد بن أبان القرشي قال الذهبي في الميزان
" ضعفه أبو داود وابن معين، وقال البخاري: ليس بالقوي "
ووافقه العسقلاني في " اللسان " ونقل تضعيفه عن أئمة آخرين منهم ابن حبان
ونص كلامه في " الضعفاء والمتروكين " (2/260)
" كان ممن يقلب الأخبار، وله الوهم الكثير في الآثار "
وأما قول الهيثمي في " مجمع الزوائد " (7/349)

" رواه الطبراني والبخاري ورجال البزار ثقات "

وأقره الشيخ الأعظمي في تعليقه على " كشف الأستار " وذلك من أوهامهما، فإنه عند البزار من طريق محمد بن أبان القرشي أيضا. وفي اعتقادي أن سبب الوهم هو أنهما ظنا أنه محمد بن أبان بن وزير البلخي وهو ثقة حافظ من شيوخ البخاري وليس به

كتبت هذا لما كثر السؤال عنه بمناسبة احتلال اليهود للضفة الغربية من الأردن أو حزيان الماضي سنة 1967 م، أخزاهم الله وأذلهم، وطهر البلاد منهم ومن أعوانهم

বাংলা

১২৯৭। তোমরা জর্দান নদীর নিকট মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ কর, তোমাদের অবশিষ্টরা (পরবর্তীরা) দাজ্জালের বিরুদ্ধে যুদ্ধ শুরু না করা পর্যন্ত। তোমরা জর্দান নদীর পূর্বে আর তারা জর্দান নদীর পশ্চিমে। আমি জানিনা আজকের এ দিনে জর্দান যমীনের কোথায়।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু সা'দ "আতত্বাকাত" গ্রন্থে (৭/৪২২), ইবনু আবী খায়সামাহ "আত-তারঈখ" গ্রন্থে (২/২০৬), ইবনু আবী আসেম "আল-আহাদ" গ্রন্থে (২/২৬৫), বায্‌যার তার "মুসনাদ" গ্রন্থে (৪/১৩৮), ত্ববারানী "মুসনাদুশ শামেঈন" গ্রন্থে (পৃঃ ১২৩), আহমাদ ইবনু আদিল্লাহ ইবনে রুযায়েক বাগদাদী "আল-আফরাদ অল-গারাইব" গ্রন্থে (৬/২৫৬/১), ইবনু মান্দাহ "আল-মারিফাহ" গ্রন্থে (২/২০১/২) ও দায়লামী "মুসনাদুল ফিরদাউস" গ্রন্থে (৪/১৮৬) বিভিন্ন সূত্রে মুহাম্মাদ ইবনু আবান কুরাশী হতে, তিনি ইয়াযীদ ইবনু ইয়াযীদ ইবনে জাবের হতে, তিনি বুসর ইবনু ওবায়দিল্লাহ হতে, তিনি আবু ইদরীস খাওলানী হতে, তিনি নাহীক ইবনু সুরাইম সুকুনী হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। মুহাম্মাদ ইবনু আবান কুরাশী সম্পর্কে হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তাকে আবু দাউদ এবং ইবনু মা'ঈন দুর্বল আখ্যা দিয়েছেন। ইমাম বুখারী বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাফিয ইবনু হাজার আসকালানী "আল-লিসান" গ্রন্থে যাহাবীর সিদ্ধান্তের সাথে ঐকমত্য পোষণ করেছেন এবং ইমামদের থেকে ইবনু আবানকে দুর্বল আখ্যা দেয়ার উক্তিগুলো বর্ণনা করেছেন। যেমন ইবনু হিব্বান থেকে বর্ণনা করেছেন। তিনি "আয-যুয়াফা অল-মাতরুকীন" গ্রন্থে (২/২৬০) বলেনঃ তিনি সেই ব্যক্তিদের অন্তর্ভুক্ত যারা

হাদীসকে পরিবর্তন করে ফেলতো এবং হাদীসের ক্ষেত্রে তার বহু সন্দেহমূলক বর্ণনা রয়েছে।

হায়সামী "মাজমাউয যাওয়াইদ" গ্রন্থে (৭/৩৪৯) যে বলেছেনঃ হাদীসটি ত্ববারানী ও বায্‌যার বর্ণনা করেছেন। বায্‌যারের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য আর শাইখ আ'যামী যে তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। আসলে তারা উভয়ে সন্দেহে পড়ার কারণে উক্ত কথা বলেছেন। কারণ তারা দু'জনই ধারণা করেছেন যে, মুহাম্মাদ ইবনু আবান হচ্ছেন ইবনু ওয়াযীর বালখী যিনি নির্ভরযোগ্য এবং ইমাম বুখারীর শাইখ। অথচ তিনি আসলে ইবনু ওয়াযীর বালখী নন বরং তিনি হচ্ছেন মুহাম্মাদ ইবনু আবান কুরাশী যেমনটি বায্‌যারও এর সূত্রেই বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72176>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন